

া রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৩১৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৩০৯]

১১/ (আল্লাহর পথে) জিহাদ (کتاب الجهاد)

পরিচ্ছেদঃ ২৩৪: জিহাদ ওয়াজিব এবং তাতে সকাল-সন্ধ্যার মাহাত্ম্য

(234) بَابُ فَضْلُ الْجِهَادِ

আরবী

وَعَن أَبِي سَعِيدٍ الخُدرِيْ رضي الله عنه: أَنَّ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم بَعَثَ إِلَى بَنِي لَحْيَانَ، فَقَالَ: «لِيَنْبَعِثْ مِنْ كُلِّ رَجُلَيْنِ أَحَدُهُمَا، وَالأَجْرُ بَيْنَهُمَا». رواه مسلم . وفي روايةٍ لَهُ: «لِيَخْرُجَ مِنْ كُلِّ رَجُلَيْنِ رَجُلُّ» ثُمَّ قَالَ لِلقَاعِدِ: «أَيُّكُمْ خَلَفَ الخَارِجَ فِي أَهْلِهِ وَمَالِهِ بِخَيْرٍ كَانَ لَهُ مِثْلُ نِصْفِ أَجْرِ الخَارِجِ».

বাংলা

২৫/১৩১৭। আবৃ সাঈদ খুদরী রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, (একবার) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বন্ লাহইয়ান গোত্রাভিমুখে (যখন তারা অমুসলিম ছিল) একটি বাহিনী প্রেরণ করলেন এবং বললেন, "যেন প্রতি দু'জনের মধ্যে একজন লোক (ঐ বাহিনীতে) যোগদান করে, আর সওয়াব দু'জনের মধ্যে সমান হবে। (যদি পিছনে থাকা ব্যক্তি মুজাহিদের পরিবারের যথাযথ ভাবে প্রতিনিধিত্ব করতে পারে।)" (মুসলিম) [1]

এর অন্য বর্ণনায় আছে, "যেন প্রতি দু'জনের মধ্যে একজন পুরুষ জিহাদে বের হয়।" অতঃপর ঘরে বসে থাকা ব্যক্তির জন্য বললেন, "তোমাদের মধ্যে যে কেউ জিহাদের উদ্দেশ্যে গমনকারীর পরিবার-পরিজনদের মধ্যে উত্তমরূপে তার প্রতিনিধিত্ব করবে, সে তার (মুজাহিদের) অর্ধেক পুণ্য পাবে।"

** (পূর্বোক্ত হাদিসের সমান নেকীর কথা উল্লিখিত হয়েছে আর এতে অর্ধেকের কথা দৃশ্যত: দুই হাদিসের মধ্যে বিরোধ পরিদৃষ্ট হলেও আসলে কিন্তু কোন বিরোধ নেই। কারণ অর্ধেক মানে হচ্ছে দু' জনের মধ্যে একটি নেকীর সমান ভাগ হবে। বিধায় দু জনের জন্যই আধা-আধি হবে। ফলে দু জনেরই সমান অংশ দাঁড়াবে।)

English

(234) Chapter: Obligation of Jihad



Abu Sa'id Al-Khudri (May Allah be pleased with him) reported:

The Messenger of Allah (ﷺ) sent an expedition to Banu Lahyan and said, "One man from every two should join the fighting force, and the reward will be shared amongst them equally."

[Muslim].

Another narration in Muslim is: The Messenger of Allah (ﷺ) said, "Let one of every two men go forth", and added: "Whoever stays behind (and looks well after the family and the property of those who have joined the expedition) will get half the reward of the warrior."

Commentary: "The reward will be shared amongst them equally" or "will get half the reward" signifies one and the same thing. Some people might mistakenly think that these two narrations of Sahih Muslim apparently contradict each other because they imply that he who takes part in Jihad and he who provides material to a Mujahid or looks after the family of a Mujahid in his absence from home would get equal reward. For this reason, some people have taken the word "half" as superfluous thinking that some narrator has added it in the text on his own. But Al-Hafiz Ibn Hajar is of the opinion that after the acceptance of the credibility of this Hadith and the proofs furnished in this regard, it is unfair to ascribe addition of any word to the narrator. Its correct interpretation seems to be that when the total reward of it will be evenly distributed between the two, each of them will get the same amount of reward. Hence there is no contradiction in these two Ahadith.

This Hadith also tells us that Jihad is not an express obligation; and if one of the two persons takes part in Jihad, it will suffice for the other also. What can be inferred from this is that the others should take part in Jihad in such a manner that those who have wealth, should arrange for the military requirements of the Mujahidun and look after their families, and in case any Mujahid is martyred, they should provide financial help to his family if it does not have sufficient means for a respectable living. Similarly, people in other walks of life should also take part in Jihad in every possible manner.

ফুটনোট

[1] মুসলিম ১৮৯৬, আবু দাউদ ২৫১০, আহমাদ ১০৭২৬, ১০৯০৮, ১১০৬৯, ১১১৩৩, ১১৪৫৭

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন